

ষোড়শ কোটি মানুষের জন্য প্রতিদিন

যাযযাযদিন

১৯৮৪ থেকে

ঢাকা: বুধবার, জুলাই ৩১, ২০১৯ : শ্রাবণ ১৬, ১৪২৬ বঙ্গাব্দ : ২৭ জিলকদ, ১৪৪০ হিজরি

শিক্ষাঙ্গন সংবাদ



ইউআইইউ বিজনেস স্কুলে সিবিএসপি অ্যাক্রিডিটেড

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনোমিকস প্রথমবারের মতো বিনা শর্তে ১০ বছরের জন্য যুক্তরাষ্ট্রের অ্যাক্রিডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুল অ্যান্ড প্রোগ্রামসের (এসিবিএসপি) স্বীকৃতি লাভ করেছে। ইউআইইউ স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনোমিকসের ডিন অধ্যাপক ড. আবুল এইচ এম গোলাম আযম সম্প্রতি যুক্তরাষ্ট্রের টেক্সাসের হিউস্টনে অনুষ্ঠিত এসিবিএসপির কনফারেন্সে অ্যাক্রিডিটেশন সনদ গ্রহণ করেন।

এই স্বীকৃতির ফলে বাংলাদেশ থেকে বিদেশি বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফার, বিশ্বের নামিদানি বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং শিক্ষার্থীদের আন্তর্জাতিক প্রতিষ্ঠানে চাকরিপ্রাপ্তি সহজতর হবে। এছাড়া এ অ্যাক্রিডিটেশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নসহ শিক্ষার্থীদের বাজার উপযোগী করে তুলতে সহায়তা করবে। বিজ্ঞপ্তি